

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কেন্দ্রীয় সচিবালয় ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা www.bpdb.gov.bd

জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫৩.০২৫.২৩-২২৫

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ ১১ মে ২০২৩


অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে সারাদেশে অগ্নি দূর্ঘটনা বৃদ্ধির কারণে বিভিন্ন অঞ্চল/খাতে ব্যাপক ক্ষতি সাধন হচ্ছে। সে প্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্ধয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিদ্যুৎ উপকেন্দ্র/বিতরণ অঞ্চল/বিতরণ বিভাগ/প্রকল্প এলাকা/দপ্তর/পরিদপ্তরমূহে অগ্নি নির্বাপক [Fire Fighiting/Extinguisher] ব্যবস্থা জোরদারকল্পে ১০ মে ২০২৩ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ১৯৯৩ তম সাধারণ বোর্ডসভার আলোচনায় জরুরি সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের জন্য কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

- ২। দেশব্যাপী বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখার স্বার্থে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন সকল স্থাপনায় অগ্নি নির্বাপক [Fire Fighiting/Extinguisher] ব্যবস্থা জোরদারকল্পে জরুরি ভিত্তিতে পদক্ষেপ গ্রহণসহ বিষয়টি মনিটরিং জোরদারসহ নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
 - ২.১। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিদ্যুৎ উপকেন্দ্র/বিতরণ অঞ্চল/বিতরণ বিভাগ/প্রকল্প এলাকা/দপ্তর/পরিদপ্তরমূহের সকল স্থাপনায় অগ্নি নির্বাপক/নিরোধক [Fire Fighiting/Extinguisher] ব্যবস্থা সঠিক অবস্থায় রয়েছে কি-না, তা পরীক্ষা করা:
 - ২.২। সকল কর্মকর্তা/কর্মচারীকে অগ্নি নির্বাপক/নিরোধক [Fire Fighiting/Extinguisher] ব্যবস্থা পরিচালনা/ব্যবহার সম্পর্কে সচেতন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা;
 - ২.৩। অগ্নি নির্বাপক/নিরোধক যন্ত্রসমূহ [Fire Fighiting/Extinguisher Instrument] সচল রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে, মেয়াদ উত্তীর্ণ যন্ত্রসমূহ সঠিক সময়ে রিফিলিং/সক্রিয়/নবায়ন করা;
 - ২.৪। স্থানীয় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর সাথে যোগাযোগ করে অগ্নি নির্বাপক/নিরোধক [Fire Fighiting/Extinguisher] ব্যবস্থা সম্পর্কে সম্যুক ধারণা গ্রহণ ও কর্মকর্তা/কর্মচারীদের হাতে কলমে শিক্ষা/প্রশিক্ষণ/নিয়মিত মহড়া প্রদানের ব্যবস্থা গ্রহণ করা:
 - ২.৫। সকল কর্মকর্তা/কর্মচারীকে অগ্নি নির্বাপক/নিরোধক [Fire Fighiting/Extinguisher] সম্পর্কে প্রশিক্ষণ [On Job Traning] প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
 - ২.৬। অগ্নি নির্বাপক/নিরোধক যন্ত্রসমূহ [Fire Fighiting/Extinguisher Instrument] নিয়মিত পরীক্ষা [Check] ও প্রতিবেদন [Report] প্রস্তুত করে দাপ্তরিকভাবে সংরক্ষণ করতে হবে। পরিচালক, নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এ সম্পর্কীয় কার্যক্রম মনিটরিং কর্বেন:
- ৪। উদ্ধৃতর্ন কর্তৃপক্ষ সময় সময় সাইট পরিদর্শন করবেন।
- ৩। আদেশটি অবিলম্বে কার্যকর হবে।

১১-০৫-২০২৩ (মোহাম্মদ সেলিম রেজা) সচিব বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

≊: ০২-২২৩৩৮৭৩৫০ ই-মেইল: secretary@bpdb.gov.bd নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫৩.০২৫.২৩-২২৫



সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, অর্থ/প্রশাসন/উৎপাদন/পরিকল্পনা ও উন্নয়ন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/ মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৭। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১০। অফিস কপি।

১১-০৫-২০২৩ (প্রনব কুমার ঘোষ) উপসচিব (সংস্থাপন) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

শ্রি: ০২-২২৩৩৮০৫২৩